# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

## জরুরি বিজ্ঞপ্তি

নং- ঢাশিবো/বি/৬৪/জেএসসি/এসএসসি রেজিঃ/৩১২ তারিখ : ২৪/০৩/২০২২

বিষয় : **২০২২ সালের ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (eSIF পূরণের মাধ্যমে) রেজিস্ট্রেশন করা প্রসঙ্গে।**

অত্র বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষককে উপর্যুক্ত বিষয়ের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১। জেএসসি পরীক্ষা পরিচালনা নীতিমালার ১(খ) ধারা অনুযায়ী পরীক্ষা বছরের ১ জানুয়ারী পরীক্ষার্থীর নূন্যতম বয়স ১১+ এবং ৩১ ডিসেম্বর সবোর্চ্চ ১৭ বছর;

২। ইন্টারমিডিয়েট এন্ড সেকেন্ডারি এডুকেশন অর্ডিন্যান্স ১৯৬১ (১৯৬১ সনের ৩৩নং আইন)-এর ৩৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে শিক্ষা মন্ত্রণালয়ের ২৩/০৪/১৯৯৭ তারিখের শিম/শাঃ১১/বিবিধ-৩৯/৯৬/২৩০/(৬০০) নং স্মারকে জারিকৃত বেসরকারি উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ ও মাদরাসা) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক পাঠদানের অনুমতি ও স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীরা কেবলমাত্র নিজ শিক্ষা প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রেশনের সুযোগ পাবে।

৩। বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পার্শ্ববর্তী বা নিকটতম অনুমোদিত নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/স্কুল এন্ড কলেজের মাধ্যমে রেজিস্ট্রেশন করা যাবে। **কোন অবস্থাতেই পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠানগুলো নিজ বিদ্যালয়ের মাধ্যমে রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে না;**

৪। ঢাকা বোর্ডের ওয়েবসাইটে OEMS/eSIF বাটনে ক্লিক করে EIIN ও Password দিয়ে লগইন (Login) করলে Dashboard থেকে eSIF JSC-তে ক্লিক করলে Payable Fees of JSC 2021 Registration-এ Applicant name, Mobile no. এবং Number of Student দিয়ে Print Sonali Seba-এ ক্লিক করে সোনালী সেবার স্লিপটি প্রিন্ট করতে হবে (বিঃ দ্রঃ- ফরমটি কোনভাবেই ফটোকপি করে ব্যাংকে জমা দেয়া যাবে না)।

ব্যাংকে ২৪ ঘন্টার মধ্যে পেমেন্ট ক্লিয়ার করলে নির্ধারণকৃত শিক্ষার্থীদের eSIF পূরণ করা যাবে। পেমেন্ট ক্লিয়ারের পরে নির্ধারিত সময়ের মধ্যে পুনরায় সোনালী সেবার স্লিপ বের করা যাবে।

৫। শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ মোতাবেক ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত (২০+২০+২০)=৬০ টাকা যুব রেড ক্রিসেন্ট ফি নির্ধারন করা হয়েছে। উক্ত ৬০ টাকা হতে ৬০ শতাংশ অর্থাৎ ৩৬ (ছত্রিশ) টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা রেডক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০ শতাংশ অর্থাৎ ২৪ (চব্বিশ) টাকা শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে।

৬। শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য তথ্য আপলোড করার লক্ষ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষকদের সমন্বয়ে ০৩(তিন) সদস্য বিশিষ্ট একটি রেজিস্ট্রেশন কমিটি গঠন করতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর চূড়ান্ত তালিকা ফাইনাল সাবমিটের পূর্বে দায়িত্বপ্রাপ্ত কমিটির সদস্যদের দ্বারা বিদ্যালয়ে রক্ষিত ভর্তি ফরম ও সনদের সাথে মিলিয়ে যথাযথভাবে নিশ্চিত করবেন। নিশ্চিত হবার পর ফাইনাল সাবমিট করবেন। রেজিস্ট্রেশন কার্যক্রমে কোন অবস্থায় শিক্ষার্থীদের নিয়ুক্ত করা যাবে না। চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। শিক্ষার্থীর তথ্যে ভুল-ত্রুটির জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও কমিটির সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবেন;

৭। ফি জমাদান ও eSIF পূরণের তারিখ : ০১/০৪/২০২২ থেকে ১৫/০৫/২০২২ তারিখ পর্যন্ত।

**জনপ্রতি রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি নিম্নরূপ :**

| রেজিস্ট্রেশন ফি (টাকায়) | রেডক্রিসেন্ট ফি (টাকায়) | মোট জরিমানা ছাড়া (টাকায়) |
|---|---|---|
| ৫০/- | ২৪/- | ৭৪/- |

৮। শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্নের পর তাদের তথ্যের পাশে নিজ নিজ স্বাক্ষর করা চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে;

৯। নতুন পাঠদানের অনুমতিপ্রাপ্ত নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (সে সকল প্রতিষ্ঠান ইতিপূর্বে নিজ নামে জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেনি) ব্যানবেইস হতে EIIN সনদ সংগ্রহ করার পর সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা জমা দিয়ে বিদ্যালয় শাখার মাধ্যমে Login Password সংগ্রহ করবে।

১০। (ক) শিক্ষার্থীর পিতা ও মাতা এসএসসি সনদধারী হলে তাদের মূলসনদ অনুযায়ী অথবা প্রাথমিক সমাপনি পরীক্ষা পাশের সনদ অনুযায়ী পিতা ও মাতার নাম এন্ট্রি করতে হবে;

(খ) শিক্ষার্থীর পিতা ও মাতা এসএসসি সনদধারী না হলে জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র অনুযায়ী পিতা ও মাতার নাম এন্ট্রি করতে হবে;

(গ) শিক্ষার্থীর নামের পূর্বে Mr., Mrs., Miss, Sree, Sreemoti ইত্যাদি ধরনের শব্দ ব্যবহার করা যাবে না;

(ঘ) সকল শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি হালসন নাগাদ থাকতে হবে;

**১১। বিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষার্থীদের সকল তথ্য নিশ্চিত হয়ে ডাটা এন্ট্রি করতে হবে। উল্লিখিত তারিখের মধ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে বা এ কারণে শিক্ষার্থীর কোনো সমস্যা হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।**

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বা:
**প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞাঁ**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

প্রাপক : **অধ্যক্ষ/প্রধান শিক্ষক**
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

মেমো নং- ৩১২(৭)

তারিখ : ২৪/০৩/২০২২

**অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৩। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৪। উপ-পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৬। পিএস-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৭। অফিস কপি।

২৪/০৩/২০২২

**বিদ্যালয় পরিদর্শক**
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬

তারিখ: ২ পৌষ ১৪২৭
১৭ ডিসেম্বর ২০২০

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির যুব রেড ক্রিসেন্ট তহবিল গঠন এবং দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে (বিদ্যালয়, মহাবিদ্যালয়, মাদ্রাসা, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান) যুব রেড ক্রিসেন্ট দল গঠন বাধ্যতামূলক করার লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২৩ জুলাই ২০১৪ তারিখের নং ৩৭.০০.০০০০.০৭১.০৭.০০২.০৮-৬৬৮ সংখ্যক স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন সংশোধনক্রমে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে: ।

১. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর নির্দেশে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ রেজিষ্ট্রেশনের সময় ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণিতে (২০+২০+২০) = ৬০/- টাকা, ৯ম ও ১০ম শ্রেণিতে (২০+২০) = ৪০/- টাকা এবং একাদশ ও দ্বাদশ শ্রেণিতে (২০+২০) = ৪০/- টাকা হারে এককালীন রেড ক্রিসেন্ট ফি আদায় করবে। উল্লেখ্য, প্রতি বছর ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির যুব রেড ক্রিসেন্ট ফি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান আদায় ও সংরক্ষণ করবে যা ৮ম শ্রেণিতে বোর্ডের রেজিষ্ট্রেশনের সময় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহ জমা প্রদান করবে। নবম এবং দশম শ্রেণির ফি মাধ্যমিকে রেজিস্ট্রেশনের সময় এবং একাদশ ও দ্বাদশ শ্রেণির ফি উচ্চ মাধ্যমিকে রেজিস্ট্রেশনের সময় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ডসমূহ আদায় করবে;

২. আদায়কৃত অর্থের ৬০ শতাংশ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা রেড ক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০ শতাংশ সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে প্রেরণ করবে। শিক্ষা বোর্ডসমূহ প্রাপ্ত অর্থের ১৫ শতাংশ সার্ভিস চার্জ রেখে বাকী অর্থ ০২ (দুই) মাসের মধ্যে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির জাতীয় সদর দপ্তরে প্রেরণ করবে;

৩. বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি এতদসংক্রান্ত অগ্রগতি মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ডের চেয়ারম্যানকে প্রতিবছর অবহিত করবে এবং তাঁদের পরামর্শ গ্রহণ করবে;

৪. শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ যুব রেড ক্রিসেন্ট তহবিল নামক একটি আলাদা ব্যাংক হিসাব নিশ্চিত করবেন ও উক্ত হিসাব থেকে রেড ক্রিসেন্ট এর দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের মাসিক সম্মানী ৫০০/ (পাঁচশত) টাকা প্রদান নিশ্চিত করবেন এবং অবশিষ্ট অংশ দিয়ে যুব রেড ক্রিসেন্ট প্রশিক্ষণ বাস্তবায়নের মাধ্যমে দক্ষ, মানবিক গুণাবলী সমৃদ্ধ স্বেচ্ছাসেবক ও যুব সমাজ তৈরি করবেন। এ তহবিল যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম ব্যতীত অন্য কোনো খাতে ব্যয় করা যাবে না;

৫. শিক্ষা প্রতিষ্ঠানসমূহ আদায়কৃত অর্থের আয়-ব্যয়ের হিসাব এবং প্রশিক্ষণ সংক্রান্ত যাবতীয় তথ্যাবলি সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিসার, জেলা রেড ক্রিসেন্ট ইউনিট এবং সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের চেয়ারম্যানকে

অবহিত করবে;

৬. সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম ও প্রশিক্ষণসমূহ নিশ্চিতকরণে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি তদারকি করবে এবং শিক্ষা বোর্ডসমূহকে রিপোর্ট প্রদান করবে; ও

৭. বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি তার সার্বিক ব্যবস্থাপনা ও কার্যক্রম সম্পর্কে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের চেয়ারম্যানকে বাৎসরিক প্রতিবেদন আকারে প্রদান করবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৭-১২-২০২০


আনোয়ারুল হক
উপসচিব
ফোন: ৯৫৪৫৭২০
ইমেইল:
ds_sec2@moedu.gov.bd


নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬/১(১৩)

তারিখ: ২ পৌষ ১৪২৭
১৭ ডিসেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) চেয়ারম্যান, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, ৬৮৪-৬৮৬, বড় মগবাজার, ঢাকা
২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা/রাজশাহী/দিনাজপুর/ময়মনসিংহ/কুমিল্লা/যশোর/বরিশাল/চট্টগ্রাম/সিলেট/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৪) জেলা প্রশাসক (সকল) ..............................................
৫) পরিচালক, পরিচালকের দপ্তর, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর
৬) উপ পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৭) মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৮) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৯) উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
১০) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
১১) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল/ময়মনসিংহ অঞ্চল/রাজশাহী অঞ্চল/রংপুর অঞ্চল/কুমিল্লা

অঞ্চল/যশোর অঞ্চল/বরিশাল অঞ্চল/সিলেট অঞ্চল/চট্টগ্রাম অঞ্চল

১২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১৩) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস (সকল) ............................................